



# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন: ৪৭১১২৫৭৮, ইমেইল: dd.legal.bwdb@gmail.com

স্মারক নং-১৫৮-পাউবো/সচি/আইন/শা-২/লি-৭৭৮/২০০৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

## পরিপত্র

বিষয়: মামলার বিস্তারিত দফাওয়ারী জবাব (প্রমাণকসহ) এবং ওকালতনামাসহ নিয়োজিত আইনজীবীকে মামলা সম্পর্কিত ব্রিফিং প্রদান।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে বিচারাধীন মামলায় বোর্ডের পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের লক্ষ্যে আইনজীবী নিয়োগপূর্বক মামলার বিস্তারিত দফাওয়ারী জবাব (প্রমাণকসহ), ওকালতনামা এবং আইনজীবীকে প্রয়োজনীয় ব্রিফিং প্রদানের<sup>১</sup> নিমিত্ত মামলা-সংশ্লিষ্ট দপ্তরকে তদবীরকারী দপ্তরের দায়িত্ব প্রদান করা হয়।

২। সাম্প্রতিককালে পরিলক্ষিত হয় যে তদবীরকারী দপ্তরের পক্ষ থেকে মামলার দফাওয়ারী জবাব ও ওকালতনামাসহ অন্যান্য প্রমাণক কাগজপত্রাদি যথাসময়ে আইনজীবীর নিকট প্রেরণপূর্বক যথাযথভাবে নিয়োজিত আইনজীবীকে ব্রিফিং প্রদান করা হচ্ছে না। উপরন্তু মামলা কার্য-তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার পূর্ব থেকেই আইন বিভাগ হতে বারংবার টেলিফোনে এবং পত্র বা নোট প্রেরণের মাধ্যমে মামলা-সংশ্লিষ্ট দপ্তর তথা তদবীরকারী দপ্তরকে তাগিদ প্রদান করতে হয়। মামলায় বোর্ডের পক্ষে যথেষ্ট গ্রাউন্ড ও যুক্তি থাকা সত্ত্বেও তদবীরকারী দপ্তর কর্তৃক প্রায়শই মামলার 'কজ অব এ্যাকশন'র গভীরে প্রবেশ না-করে এক বা দুই প্যারার স্টেটমেন্ট অব ফ্যাক্ট অথবা দুই, তিন বা পাঁচ লাইনের অনর্থবহ দফাওয়ারী জবাব নিয়োজিত আইনজীবীকে সরবরাহের জন্য বোর্ডের আইন বিভাগে প্রেরণ করা হয়। এরূপ অনর্থবহ সংক্ষিপ্ত জবাবের মাধ্যমে বোর্ডের রেসপনডেন্টগণের পক্ষে এফিডেভিট-ইন-অপজিশন প্রণয়ন করে আদালতে দাখিল করা সম্ভবপর হয় না।

৩। উপরিউক্ত পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে আইনজীবী নিয়োগের দপ্তরাদেশ পাওয়ার পরপরই মামলার বিস্তারিত দফাওয়ারী জবাব (প্রমাণকসহ) এবং ওকালতনামাসহ নিয়োজিত আইনজীবীকে মামলা সম্পর্কিত ব্রিফিং প্রদানের নিমিত্ত মামলা-সংশ্লিষ্ট দপ্তর তথা তদবীরকারী দপ্তরকে আরও তৎপর এবং মনোযোগী হওয়ার জন্য অনুরোধ করা হলো।

৪। ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।

  
(আব্দুল খালেক)

সচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
ফোন: ৯৫৫৫১৩৩।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা। পরিপত্রটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
- ২। প্রধান প্রকৌশলী (সকল)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল).....।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল).....।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। উপপরিচালক (আইন বিষয়ক), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল).....।
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ৮। অফিস কপি/মাস্টার কপি।

D-16

ডায়েরী নং ৪৬১৭	তারিখ: ২৬/০২/১৮
পরিচালক প্রসেসিং	জরুরী/অতি জরুরী
পরিচালক (অর্থনীতি)	উপস্থাপন করণ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নির্বাহী প্রকৌশলী-১/২/৩/৪	নথিতে পেশ করণ
উপ-পরিচালক (প্রশাসন)	ম্যামোচনা করণ
সিস্টেম এনালিস্ট	নথিতে রাখুন
সহকারী পরিচালক	তাগিদ পত্র দিন
ক্যাশিয়ার	

চীফ মনিটরিং  
বাপাউবো, ঢাকা।

স্মারক নং ১৩০৯  
প্রোগ্রামার  
সহকারী প্রোগ্রামার ১/২  
নেটওয়ার্ক প্রকৌশলী  
অফিস সহকারী  
সিস্টেম এনালিস্ট- ১/২  
কম্পিউটার সেল, বাপাউবো, ঢাকা

তারিখ: ২৭/২/১৮  
জরুরী  
প্রয়োজনীয় ব্যবস্থা  
নথিতে পেশ করণ  
নথিতে রাখুন  
তাগিদ পত্র দিন